

বাণিজ্য

শিমের কেজি ২০০ টাকা, স্বস্তি নেই সবজির বাজারে

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: শুক্রবার, ০২ অক্টোবর ২০২৬, ০৫:৩১ PM



রাজধানীর কাঁচাবাজারে সবজির দামে এখনো স্বস্তি ফেরেনি। শুক্রবার রায়ের বাজার ও মোহাম্মদপুর কৃষি বাজার ঘুরে দেখা গেছে, সরবরাহ বাড়লেও শীতের আগাম সবজি শিম বিক্রি হচ্ছে কেজিপ্রতি ২০০ টাকায়। সবচেয়ে কম দামে মিলছে পেঁপে, কেজি ৩০ টাকা। বেশির ভাগ সবজি কিনতে ক্রেতাদের অন্তত ৭০ টাকা গুনতে হচ্ছে।

বেগুন, করলা, বরবটি, ঢাঁড়স, পটল ও কাঁকরোলার মতো সাধারণ সবজির বেশির ভাগ বিক্রি হচ্ছে ৭০ থেকে ১২০ টাকায়। লম্বা বেগুন ১০০ টাকা, গোল বেগুন ১২০ টাকা, টমেটো ১২০ থেকে ১৪০ টাকা কেজি। ঝিঙে ৮০ টাকা, কচুরমুখি ৮০ টাকা এবং প্রতি পিস লাউ ৫০ থেকে ৭০ টাকা। শসা ৫০ থেকে ৬০ টাকা, তবে দেশি শসা ৮০ থেকে ১০০ টাকা কেজি। কয়েক সপ্তাহ আগে ২০০ টাকা ছোঁয়া কাঁচা মরিচ এখন সরবরাহ বাড়ায় ১২০ থেকে ১৪০ টাকায় নেমেছে।

ক্রেতা সজিব বলেন, সব কিছুই দাম বেশি।

মুরগি ও ডিমের বাজারে তেমন পরিবর্তন নেই। ব্রয়লার ১৮০ টাকা, সোনালি ৩২০ টাকা কেজি। ফার্মের ডিম ডজনপ্রতি ১৫৫ টাকা।

মাছের বাজারও প্রায় অপরিবর্তিত। তেলাপিয়া ২৫০ থেকে ২৬০ টাকা, পাঙাশ ২২০ থেকে ২৩০ টাকা, রুই-কাতলা ৩৮০ থেকে ৪২০ টাকা এবং চিংড়ি ১ হাজার থেকে ১ হাজার ৩০০ টাকা কেজি। পাবদা ৩৫০ থেকে ৪০০ টাকা, চাষের শিং ৩০০ থেকে ৪৫০ টাকা এবং দেশি কই ৭০০ থেকে ৮০০ টাকা। মাছের আকার ও জীবিত বা মৃত হওয়ার ওপর ভিত্তি করে বাজারভেদে কেজিতে ১০ থেকে ২০ টাকা কমবেশি হচ্ছে।

মাছ বিক্রেতা মিলন বলেন, ঝরবরারের ওপর দাম নির্ভর করে। এখন এক দাম, বিকেলে আরেক দাম।

এ বিভাগের আরও খবর



টানা দুই দিন কমল সোনার দাম, আজ ভরিতে ২২১৬ টাকা
এক দিনের ব্যবধানে দেশের বাজারে সোনার দাম আবার কমানো হয়েছে। আজ সোনার দাম ভরিতে কমেছে সর্বোচ্চ ২ হাজার ২১৬ টাকা। নতুন দর সকাল ১০টায় কার্যকর...



জ্বালানি তেলের পর বাড়ল নিত্যপণ্যের দাম
জ্বালানি তেলের দাম বাড়ায় নতুন করে চাপে পড়েছে মধ্যবিত্তের সসোর খরচ। এর প্রভাবে বেড়েছে মাছ, ডিম ও কিছু সবজির দাম। আজ গুরুবীর রাজধানীর বি...



চীনা অর্থনৈতিক অঞ্চলের অবকাঠামো উন্নয়নে বরাদ্দ ৩৬২৯ কোটি
চীনা অর্থনৈতিক ও শিল্পাঞ্চলের অবকাঠামো উন্নয়নে ৩ হাজার ৬২৯ কোটি ৯৫ লাখ ৮১ হাজার ৭৫ টাকা ব্যয়ের একটি ক্রয় প্রস্তাব অনুমোদন করেছে সরকার। এ অর্থ...



জ্বালানি চাহিদা মেটাতে আরো ৬ কার্গো এলএনজি কিনবে সরকার
দেশের ক্রমবর্ধমান জ্বালানি চাহিদা মেটাতে আরো ছয় কার্গো তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) কেনার সিদ্ধান্ত নিয়েছে সরকার। সরকারি ক্রয় সংক্...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/business/shimer-keji-200-taka-sbsti-nei-sbjir-bajare>